

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৯০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬১. ইমামতির অধিক যোগ্য কে?

باب مَنْ أَحَقُّ بِالإِمَامَةِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عِيسَى الْحَنَفِيُّ، حَدَّثَنَا الْحَكَمُ بْنُ أَبَانَ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " لِيُؤَذِّنْ لَكُمْ خِيَارُكُمْ وَلْيَوُّمَّكُمْ قُرَّا وُكُمْ ".

_ ضعيف: المشكاة ١١١٩

বাংলা

৫৯০। ইবনু 'আব্বাস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের মধ্যকার উত্তম লোক যেন তোমাদের আযান দেয় এবং কিরাআতে অধিক অভিজ্ঞ ব্যক্তি যেন তোমাদের ইমামতি করে।[1]

দুর্বল : মিশকাত ১১১৯।

English

Narrated Abdullah ibn Abbas:

Let the best among you call the adhan for you, and the Qur'an-readers act as your imams.

ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ আযান, অনুঃ আযানের ফাযীলাত, হাঃ ৭২৬), বায়হাক্কী (১/৪২৬)। এর সনদে হুসাইন ইবনু ঈসা হানাফীকে হাফিয দুর্বল বলেছেন। আবূ হাতিম ও আবূ যুর'আহ তার সমালোচনা করেছেন।



মিশকাতের তাহকীকে শায়খ আলবানী (রহঃ) বলেনঃ এর সনদ দুর্বল। সনদের হুসাইন ইবনু ঈসা হানাফীকে জমহুর দুর্বল বলেছেন। ইমাম বুখারী তার এ হাদীস সম্পর্কে বলেছেনঃ মুনকার।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন